তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী
লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষয়ক নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা কমিটি। |
| সভার তারিখ | ৩১ অক্টোবর,২০২২ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | কোম্পানির বোর্ডরুম |
| উপস্থিতি | নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ |

১। আহবায়ক, নৈতিকতা কমিটি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । তিনি শুদ্ধাচারের আদর্শে অনুপ্রাণিত হয়ে সকলকে কাজ করার জন্য আহবান জানান ।

২। **আলোচনা ও পর্যবেক্ষণ:**

**২.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত :**

সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি-এর নির্দেশক্রমে উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি কোম্পানি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ -এর ২য় কোয়ার্টারে উল্লেখিত কার্যক্রমসমূহ ক্রমানুযায়ী সভায় উপস্থাপন করেন। ২০২২-২০২৩ -এর ২য় কোয়ার্টারে উল্লেখিত কার্যক্রমসমূহ স্ব স্ব ডিভিশন/বিভাগীয় প্রধানগণ কর্তৃক বাস্তবায়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় ২য় কোয়ার্টারে বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (অপারেশন) সভাটি অফলাইনে গ্রহণের বিষয়ে জানতে চাইলে উপ-মহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব সভাটি বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে অনলাইনে গ্রহণের জন্য মন্ত্রী পরিষদের নির্দেশের কথা জানান।পরবরর্তীতে উক্ত সভাটি ডিসেম্বর ২০২২ মাসে অনলাইনে অয়োজন করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

আহ্বায়ক, নৈতিকতা কমিটি উক্ত অংশীজনের সভায় গ্রাহক প্রতিনিধি উপস্থিতি নিশ্চিত করার জন্য বিপণন ডিভিশনসমূহকে নির্দেশনা প্রদান করেন । উপ-মহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি সভাকে অবহিত করেন যে মন্ত্রীপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী উক্ত অংশীজনের সভায় আবশ্যিকভাবে সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে বিধায় এ বিষয়ে কোম্পানির সংশ্লিষ্ট

ফোকাল পয়েন্ট কর্তৃক উক্ত সভায় সংক্ষিপ্ত আলোচনা করার জন্য অনুরাধ করা যেতে পারে। সভায় উপস্থিত নৈতিকতা কমিটি সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন ।

সভায় কর্ম পরিবেশ উন্নয়নের নিমিত্ত মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম নির্মানের ব্যবস্থা গ্রহণে আলোচনা করা হয়।এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান কয়েকটি আঞ্চলিক অফিসে ইতোমধ্যে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম নির্মান করা হয়েছে।কমিটির সকলে অবশিষ্ট আঞ্চলিক অফিস গুলোতে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম নির্মানে সম্মত হন।

সভায় জাতীয় শুদ্ধাচার এর প্রচার প্রসারণার নিমিত্ত ২৫০০ ক্যালেন্ডার প্রণয়নের কাজ চলমান বলে উপ-মহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব কমিটিকে জানান।

সভায় ২য় কোয়ার্টারে বাস্তবায়িতব্য কার্যক্রমসমূহের মধ্যে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় এ বিষয়ে বিপণন ও রাজস্ব ডিভিশন কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.২। ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক-এর লক্ষ্যমাত্রা সংক্রান্ত আলোচনা:**

সভায় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি কোম্পানি কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার গুরুত্ব ও এর পরিধির বিষয়ে সকল সদস্যদের অবগত করেন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩-এর ৩য় ত্রৈমাসিক-এর লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগীয় প্রধানগণ কর্তৃক বাস্তবায়ন করার বিষয়ে তৎপর থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

**৩।** বিস্তারিত আলোচনা শেষে নৈতিকতা কমিটি সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেঃ

**সিদ্ধান্ত:**

**৩.১)** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা ডিসেম্বর ২০২২ মাসে অনলাইনে অয়োজন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

**কার্যব্যবস্থায়:** উপমহাব্যবস্থাপক (মাসউ) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।

**৩.২)** কর্ম পরিবেশ উন্নয়ন এ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম ব্যবস্থা ;এবং

**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক,পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন।

**৩.৩)** সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ।

**কার্যব্যবস্থায়:** সকল বিপণন ও মেট্রো ঢাকা রাজস্ব ডিভিশন, টিজিটিডিসিএল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির আহবায়ক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্

ব্যবস্থাপনা পরিচালক ও আহবায়ক, নৈতিকতা

কমিটি।

স্মারক নম্বর: ২৮.১৩.০০০০.০৫৪.৩২.০০১.২২.৩০৪ তারিখ: ২২ কার্তিক ১৪২৯

০৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২) পরিচালক, অপারেশনস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৩) মহাব্যবস্থাপক, ভিজিল্যান্স ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৪) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- গাজীপুর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৫) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- নারায়ণগঞ্জ , তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৬) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (উত্তর), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৭) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (দক্ষিণ), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৮) উপব্যবস্থাপনা পরিচালক, আঞ্চলিক বিপণন ডিভিশন- ময়মনসিংহ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৯) মহাব্যবস্থাপক, আইসিটি ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১০) মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১১) প্রকল্প পরিচালক, Installation of Prepaid Gas Meter for TGTDCL(Financed by JICA), তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১২) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৩) মহাব্যবস্থাপক/সচিব, কর্পোরেট ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৪) মহাব্যবস্থাপক, জেনারেল সার্ভিসেস ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৫) পরিচালক (অর্থ), অর্থ ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৬) মহাব্যবস্থাপক, অডিট ডিভিশন , তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৭) মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা রাজস্ব ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৮) উপমহাব্যবস্থাপক ও সদস্য সচিব,সংশ্লিষ্ট নৈতিকতা কমিটি মানব সম্পদ উন্নয়ন ডিপার্টমেন্ট, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৯) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

প্রকৌঃ মোঃ হারুনুর রশীদ মোল্লাহ্
ব্যবস্থাপনা পরিচালক